ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮২১

শান্তিরবাজার, ১১ সেপ্টেম্বর, ২০২৫

**আগামী ৮-৯ অক্টোবর শান্তিরবাজার মহকুমায়
৩৩তম রাজ্যভিত্তিক হজাগিরি উৎসব**

আগামী ৮-৯ অক্টোবর শান্তিরবাজার মহকুমার বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে দু'দিনব্যাপী ৩৩তম রাজ্যভিত্তিক হজাগিরি উৎসব অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ শান্তিরবাজার মহকুমা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিধায়ক প্রমোদ রিয়াং, এমডিসি ভুমিকানন্দ রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণা রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মহঃ সাজ্জাদ পি, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা, ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের রাজ্য সভাপতি শান্তি রায় রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়াও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সভায় অংশ নেন। রাজ্যভিত্তিক হজাগিরি উৎসবে রাজ্য ও বহির্রাজ্যের নৃত্য শিল্পীরা হজাগিরি ও অন্যান্য নৃত্য পরিবেশন করবেন। এ উৎসব উপলক্ষে রাজ্য সরকারের ২৫টি দপ্তর উন্নয়ন তথ্য সম্বলিত প্রদর্শনী স্টল খুলবে।

*******